# تقسيم التراويح

# তাকসীমুত তারাবীহ

অর্থ অনুযায়ী
তারাবীহে প্রতি রাকআতে পঠিত অংশের
আয়াতের বিন্যাস ও বিষয়বস্তুর আলোচনা

**প্রস্তুতিমূলক কপি**


সংকলন: মুহাম্মাদ নূর হুসাইন
সম্পাদনা: মুফতি ইসহাক মাহমুদ

# تقسيم التراويح

# তাকসীমুত তারাবীহ

অর্থ অনুযায়ী

তারাবীহে প্রতি রাকআতে পঠিত অংশের

আয়াতের বিন্যাস ও বিষয়বস্তুর আলোচনা

**প্রস্তুতিমূলক কপি**

সংকলন: মুহাম্মাদ নূর হুসাইন

সম্পাদনা: মুফতি ইসহাক মাহমুদ

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ

হে আমাদের রব! আমাদের পক্ষ থেকে (এই আমলকে) কবুল করুন। নিশ্চয়ই আপনি সব শোনেন এবং সব জানেন।

(সূরা বাকারাহ ২ : ১২৭)

যেকোন মতামত জানাতে, যোগাযোগ করতে, জয়েন করতে পারেন,

Telegram Group

টেলিগ্রাম গ্রুপটির লিঙ্ক : **t.me/TaqsimutTarabih**

টেলিগ্রাম গ্রুপটির নাম : **তাকসীমুত তারাবীহ**

QR code স্ক্যান করেও পেতে পারেন গ্রুপটি।

# কিছু কথা

সকল প্রশংসা আল্লাহ তাআলার যিনি আমাদের হিদায়াতের জন্য কুরআনুল কারিম নাযিল করেছেন এবং দরুদ ও সালাম আল্লাহর প্রেরিত শেষ নবী মুহাম্মাদ মুস্তফা ﷺ এর উপর, যিনি আমাদের কুরআনুল কারিমের তিলাওয়াত, ইলম, হিকমত শিক্ষা দিয়েছেন, আমাদের আত্মিক পরিশুদ্ধির পথ দেখিয়েছেন।

রমাজান মাস আমাদের জন্য এক সুবর্ণ সুযোগ। যে কুরআনুল কারিম শিখতে চায়, শুনতে চায়, আত্মিক পরিশুদ্ধি অর্জন করতে চায়, তার জন্য যেমন সুযোগ, ঠিক তেমনি কুরআনুল কারিমের দাওয়াত পৌঁছানোরও সুবর্ণ সুযোগ তৈরী হয় এই মাসে। এই দুনিয়ার ফিতনার যামানায় মানুষ প্রতিটি মুহূর্তকে হয় অর্থে রূপান্তরিত করতে কর্মব্যস্ত থাকতে চায় অথবা সর্বোচ্চ উপভোগ করতে চায়। এর বাইরে তাদের দৃষ্টিতে সকল সময়ই বৃথা। কাফেরদের জীবনধারা অনুসরণের ফল এটা। আমাদের সমাজের হালাত হল এই। সবাই আমরা কম বেশী এই জীবন দর্শনের দ্বারা প্রভাবিত। তবে সেই আল্লাহর প্রিয় বান্দাগণ ব্যতীত, যাদের তিনি এই ফিতনার যামানায়ও ঈমানের উপর অটল রেখেছেন এবং আখিরাতমুখী দর্শন লালনের তাওফীক দিয়েছেন। রমাজান মাস সাধারণ মানুষের এই জীবনের গতিকে কিছুটা হ্রাস করে, পাশাপাশি দুনিয়াময় জীবনকে কিছুটা আখিরাতমুখী করে। সুতরাং, এই বরকতময় সময় দ্বীনের দাওয়াতের প্রতিটি ক্ষুদ্র সুযোগকেও আমাদের সুচিন্তিতভাবে মূল্যায়ন করতে হবে। রমজানের রাতে তারাবীর নামাজও এই রকম একটি সুযোগ। যে কুরআন পড়তে পারে না, নামাজেও নিয়মিত নয়, সেও কুরআন খতমের আগ্রহে তারাবীতে আসছে। তারাবীর এই আমলকে আরও প্রাণবন্ত করতে পারলে, এটা আরও উত্তম দাওয়াতের মাধ্যম হবে। সেই লক্ষ্যেই সম্মানিত হাফেজ সাহেবদের সামনে প্রস্তাবনামূলক এই পুস্তিকা পেশ করা।

বেশীরভাগ ক্ষেত্রে তারাবীতে হাফেজী কুরআনের পৃষ্ঠা শুরু থেকে শেষ পর্যন্ত পড়ে প্রতি রাকআতের রুকুতে যাওয়া হয়। এতে কুরআনের আলোচনার প্রসঙ্গ বিঘ্নিত হয়। তবে অনেকেই মা শা আল্লাহ এর ব্যতিক্রম। তারা চেষ্টা করেন, কুরআনুল কারিমের অর্থের সাথে সামঞ্জস্য রেখে প্রতি রাকআতে তিলাওয়াতের অংশ নির্ধারণ করতে। এতে কুরআনের তিলাওয়াত যেমন প্রাণবন্ত হয়, ঠিক তেমনি তিলাওয়াত শ্রবণকারী মুসল্লীদের মনেও সাধারণ গতানুগতিক ধারা থেকে বের হওয়ার কারণে আগ্রহ বৃদ্ধি পায়। আল্লাহর কালামের শানও বেশী রক্ষিত হয়। হারামাইনের ঈমাম সাহেবদের

তিলাওয়াতের বিশেষ আকর্ষণের এটিও একটি কারণ। আমরা হাফেজ সাহেবরা যেন অর্থের সাথে সামঞ্জস্য রেখে কুরআনুল কারিমের তিলাওয়াত মানুষকে শুনাতে পারি, তার জন্য এই পুস্তিকা "**তাকসীমুত তারাবীহ**" এ আমাদের দেশের ২৭ দিনে খতমের রেওয়াজকে ঠিক রেখে, অর্থের সাথে সামঞ্জস্য রেখে, ২৭ টি রমাজানের প্রতি দিনের ২০ রাকআতের একটি সম্ভাব্য আয়াত বিন্যাস দেওয়া হয়েছে।

**ফায়দা:**

প্রশ্ন জাগতে পারে, সাধারণ মানুষ না আরবী জানে আর না কুরআন বোঝে, তাহলে এর দ্বারা কতটুকু ফায়দা হবে? আল্লাহর কালাম পড়া হচ্ছে, আল্লাহ তো শুনছেন। এটাই তো যথেষ্ট হওয়া উচিত এই প্রয়াসের পেছনে। সাধারণ কোন মানুষের জীবনীও তো যখন কোথাও পড়ে শোনানো হয়, তখন নির্দিষ্ট অর্থবোধক একটি অংশ পড়া হয়। তাহলে আল্লাহর কালাম পড়ার ক্ষেত্রে কি আমরা একটু মেহনত করতে পারি না?

এই আমলের মাধ্যমে বহুবিধ দ্বীনি ফায়দাও হবে ইন শা আল্লাহ। উৎসাহ বাড়িয়ে দেওয়ার জন্য কিছু ফায়দা তুলে ধরার চেষ্টা করা হচ্ছে।

- আল্লাহর কালামের শান অধিক রক্ষিত হবে।
- কুরআনের কোন ঘটনা, কোন বিবরণ শেষ হয়নি কিন্তু পৃষ্ঠা শেষ হয়েছে বলে, রুকুতে যাওয়ার কারণে কুরআনের সৌন্দর্য ও শ্রুতি মাধুর্যে ব্যাঘাত ঘটে। এই বিন্যাস অনুযায়ী তিলাওয়াত করলে, এই অনাকাঙ্ক্ষিত মুহূর্তগুলো এড়ানো যাবে।
- আমরা গতানুগতিক ধারা থেকে বের হয়ে, অর্থের সাথে সামঞ্জস্য রেখে পড়লে এবং এ ব্যাপারে মুসল্লীদের সামনে তুলে ধরলে, সার্বিক কুরআন শোনার আগ্রহ বাড়বে।
- কুরআন তিলাওয়াতের আকর্ষন বৃদ্ধি পাবে।
- মানুষকে কুরআনের সাথে আরও সম্পৃক্ত করার একটি সুযোগ তৈরী হবে।
- কুরআন যে শুধু আল্লাহর কালামের পবিত্র শব্দমালাই নয়, বরং তা হিকমতে পরিপূর্ণ অর্থও বহন করে, আল্লাহর হুকুম-আহকাম সম্বলিত ইলাহী ফরমান শোনায়, সেই দিকেও মানুষের দৃষ্টি আকর্ষন করা যাবে।
- তারাবীর নামাজের এই সুযোগকে দাওয়ায়তের মাধ্যম বানানো যাবে।
- মুসল্লীদেরকে এই ব্যাপারে ওয়াকিফহাল করার মাধ্যমে কুরআনের আলোচনা বাড়ানো যাবে।

●সর্বোপরি হাফেজ সাহেবদের আত্মিক প্রশান্তির মাধ্যম হবে। অর্থের সাথে সামঞ্জস্য রেখে তিলাওয়াত করতে পারলে, কুরআনের চর্চা যেমন বেশী হবে, তেমনি এর তাছিরও বেড়ে যাবে বহুগুণে।

●হাফেজ সাহেবদের মধ্যে তারাবীর আমলকে ঘিরে নতুন উদ্দীপনা তৈরী হবে এবং কুরআনের মুহাব্বত আরও বৃদ্ধি পাবে।

●এভাবে তিলাওয়াতের জন্য অধিক মনোযোগ ব্যয় করার কারণে, আরও তরতীলের সাথে তিলাওয়াত করা সম্ভব হবে।

**কিছু প্রস্তাবনা:**

কুরআনুল কারিমের আয়াতের বণ্টনের বিষয়টি বেশ জটিল। অনেক বণ্টনে একাধিক সম্ভাবনা থাকে। বিষয়টি একেবারে নিখুঁত করা কঠিন। একভাবে চিন্তা করলে একটি বিন্যাস আসবে, আবার ভিন্নভাবে চিন্তা করলে অন্যভাবেও বিন্যস্ত করা সম্ভব। সুতরাং, আলোচ্য গ্রন্থের উদ্দেশ্য কখনই এটা দাবি করা নয় যে, এভাবেই বিন্যাসটি হতে হবে। বরং, উদ্দেশ্য কুরআনের চর্চাকে উৎসাহিত করা। অর্থের সাথে সামঞ্জস্য রেখে তিলাওয়াতের অংশ নির্ধারণ করাকে উৎসাহিত করা। যারা এভাবে তিলাওয়াত করতে চায়, তাদের খেদমতে একটি নমুনা পেশ করা। তারাবীতে আলেম, হাফেজ সাহেবরা এভাবে তিলাওয়াত করলে, প্রতিবারের নতুন অভিজ্ঞতার আলোকে এই বিন্যাসকে পরিমার্জন করে আরও গোছানো ও সমৃদ্ধ করা সম্ভব। এ কাজে উন্নতির সুযোগ থেকেই যায়। সুতরাং, পাঠকের কাছে আবেদন থাকল, আমাদের প্রচেষ্টাকে উৎসাহমূলক একটি প্রচেষ্টা হিসেবে দেখার, সীমাবদ্ধতা ও ত্রুটি বিচ্যতিকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার। যে হাফেজ সাহেবগণ এই বিন্যাসকে সামনে রেখে তারাবীহ পড়তে চান, তাদের জন্যও কিছু প্রস্তাবনা থাকবে।

●অনেক হাফেজ সাহেবদের জন্য এভাবে অর্থের সাথে মিল রেখে প্রতি রাকআতে পড়া নতুন অভিজ্ঞতা হবে। তাই রমজানের আগেই মানসিকভাবে প্রস্তুতি নিয়ে রাখতে হবে।

●বিন্যাসটিতে প্রতি রাকআতের আয়াত সংখ্যা দেওয়া আছে। রমাজান শুরুর আগে একটি হাফেজী কুরআনে ২-৩ ঘন্টার মেহনতে প্রতি রাকআতের অংশগুলো এই পুস্তিকার বিন্যাসে আয়াত সংখ্যা দেখে দাগিয়ে নেওয়া যেতে পারে। তাহলে অনেক সহজ হয়ে যাবে ইন শা আল্লাহ।

● যদি কুরআনের কোন স্থানে এখানে দেওয়া বিন্যাস থেকে উত্তম অর্থবোধক বিন্যাস উপলব্ধি হয়, তবে সেই স্থানে সেটা দাগিয়ে নেওয়া যেতে পারে। এই বিন্যাসকে খসড়া হিসেবে ধরে, নিজেদের জন্য আরও উত্তম বিন্যাস করে নেওয়া যেতে পারে। যেমনটা পূর্বেও বলা হয়েছে, এই বিষয়টি আপেক্ষিক, একদম স্থিরকৃত, স্থায়ী বিষয় নয়। জ্ঞান, রুচি, চিন্তার ভিন্নতার কারণে ভিন্নতা আসতেই পারে। ভিন্ন মতের সুযোগ অবশ্যই আছে।

● অর্থের সাথে সঙ্গতি রেখে বিন্যাস হওয়ায়, স্বাভাবিকভাবেই প্রতি রাকআতে এক পৃষ্ঠা আসবে না। কখনও বেশী হবে, আবার কখনও কম হবে। তাই প্রতি তারাবীর আগে হাফেজ সাহেবরা নিজেদের মধ্যে রাকআত সংখ্যা স্থির না রেখে, সুবিধামত প্রতিদিনের রাকআত সংখ্যা নির্ধারণ করে নিতে পারেন। এর ফলে এক জনের উপর বেশী চাপ পড়ে যাওয়া থেকে রক্ষা পাওয়া যাবে।

**কিতাবের রচনাশৈলী:**

● যথারীতি ২৭ রমাজানে খতমের রেওয়াজ ঠিক রাখা হয়েছে এই বিন্যাসে। প্রথম ৬ দিন দেড় পারা করে ৯ পারা এবং বাকী ২১ দিন ২১ পারা। এভাবেই ৩০ পারার বিন্যাস করা হয়েছে।

● প্রতি রমাজানে ৪ রাকাআত পর পর বিরতির আলোকে ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও শেষ ৪ রাকআত শিরোনামে বিন্যাস সাজানো হয়েছে।

● প্রতি রাকআতের তথ্য সাজানো হয়েছে নিম্নরূপ:

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা(পৃষ্ঠা) | পৃষ্ঠা/লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | আনকাবুত | ৪৫-৬০ | তিলাওয়াত, নামাজ, আহলে কিতাবদের দাওয়াত ও হিজরত এবং কাফেরদের প্রশ্নের জবাব | ২১(১-২) | ১/১০ |

"পারা(পৃষ্ঠা)" কলামে হাফেজী কুরআনের কত নম্বর পারার কত পৃষ্ঠা থেকে কত পৃষ্ঠার অংশ পড়া হবে, তা দেওয়া হয়েছে। যেমন: এখানে ২১(১-২) দ্বারা বোঝানো হয়েছে ২১ তম পারার ১ ও ২ নং পৃষ্ঠা থেকে পড়া হবে।

"পৃষ্ঠা/লাইন" কলামে ঐ রাকআতে পঠিত অংশের পরিমান বোজানো হয়েছে। হাফেজী কুরআনে এক পৃষ্ঠায় ১৫ লাইন থাকে, সেই হিসেবে প্রতি ১৫ লাইনকে ১ পৃষ্ঠা ধরে হিসাব দেওয়া হয়েছে। যেমন: এখানে, ১/১০ দ্বারা বোঝানো হচ্ছে এই রাকআতে মোট ১ পৃষ্ঠা ও ১০ লাইন পড়া হবে।

●১২ তম তারাবীতে ১৫ পারা শেষ পর্যন্ত পড়ার কথা। কিন্তু সূরা কাহফে মুসা আলাইহিস সালাম ও খিজির আলাইহিস সালামের কাহিনী ১৫ পারা শেষ করে, ১৬ পারার ১ম পৃষ্ঠাতেও চলমান থাকে। তাই, অর্থের সাথে সামঞ্জস্য বিধানের জন্য ১২ তম তারাবীতে ১৬ পারার ১ম পৃষ্ঠার মুসা আলাইহিস সালাম ও খিজির আলাইহিস সালামের কাহিনীর অংশটুকুও পড়া হবে। পরের দিন অর্থাৎ, ১৩ তম তারাবীতে আবার অর্থ মিলিয়ে ১৫ পারার শেষ পৃষ্ঠা থেকে পড়া শুরু করা হবে। এর ফলে যারা নতুন মুসল্লী বা অন্য কোথাও তারাবী পড়ে, এমন মুসল্লীদেরও খতম ছুটে যাবে না, আবার অর্থের মিলও ধরে রাখা যাবে। সূরা ইয়াসিনে হাবিবে নাজ্জারের কাহিনী ২২ পারার শেষ

ও ২৩ পারার শুরুতে থাকায়, একইভাবে বিন্যস্ত করা হয়েছে। ১৯ ও ২০ তম পারায় সূরা নামলেও একটি আয়াত একই কারণে দুই দিনের তিলাওয়াতে আসবে।

● সিজদার আয়াত আসলে, বিসয়বস্তুর কলামে ۩ চিহ্ন দ্বারা চিহ্নিত করা আছে।

● অর্থ অনুযায়ী বিন্যাস করার ক্ষেত্রে তাহফীয হাফেজী কুরআন, তাফসীর ইবনে কাসীর ও আরও কিছু তাফসীর গ্রন্থের সাহায্য নেওয়া হয়েছে।

**বিন্যাসের নীতি:**

● এক বা একাধিক বিষয়বস্তুকে এক রাকআতে আনা হয়েছে। কখনও একেবারে খাপে খাপে নিখুঁতভাবে মিলে গিয়েছে। যেমন: ১৬ রমাজানের ৯ম রাকআত।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | শুয়ারা | ১০৫-১২২ | নূহ আলাইহিস সালামের দাওয়াত | ১৯(১০-১১) | ০/১২ |

আবার কখনও এত নিখুঁতভাবে মেলানো সম্ভব হয়নি। একাধিক বিষয়বস্তুর আলোচনা সম্বলিত আয়াত এক রাকআতে আনতে হয়েছে। যেমন: ২য় রমাজানের ৩য় রাকআত।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | বাকারাহ | ২২২-২৩০ | হায়েজ, কসম, ইলা, খুলা ও তালাক | ২(১৪-১৬) | ১/১১ |

● "বিষয়বস্তু" লেখার ব্যাপারে মূল আলোচ্য বিষয়বস্তু একেবারে সংক্ষিপ্ত শব্দ চয়নে বলে দেওয়ার চেষ্টা করা হয়েছে। এ থেকে আলোচ্য বিষয়ের একটা ধারণা লাভ করা যাবে। এই শিরোনামগুলো অধীনে পুরো কুরআনের সারমর্ম আকারে আলোচনা আমাদের ৩ খণ্ডের অপর গ্রন্থ "**তাইসীরুল কুরআন**" এ পাওয়া যাবে। এই কিতাবে উল্লেখিত বিন্যাসের অধীনেই সাধারণ মানুষের উপযোগী করে, সমগ্র কুরআনের সারমর্ম তুলে ধরার চেষ্টা করা হয়েছে, কুরআনিক প্রবন্ধ আকারে। আগ্রহী পাঠক এই কিতাব থেকে প্রতি তারাবীর আগে এই সারমর্ম পড়ে, তারাবীতে কুরআন শোনা ও শোনানোর তৃষ্ণা আরও বাড়িয়ে নিতে পারেন যা হবে সোনায় সোহাগা বা কুরআনের ভাষায় نُوْرٌ عَلٰى نُوْرٍ বলা যেতে পারে।

● অর্থের সাথে সামঞ্জস্য রাখার কারণে প্রতি রাকআতে পড়ার পরিমান সমান হবে না। চেষ্টা করা হয়েছে ১ম রাকআতে ২য় রাকআত থেকে বেশী পড়ার পরিমান নির্ধারণ করতে। কিন্তু ব্যতিক্রমভাবে অল্প কিছু ক্ষেত্রে তা সম্ভব হয়নি। যেমনটা জুম'আ ও ঈদের নামাজে সূরা আলা ও গশিয়াহ পড়া হয়, যদিও সূরা গশিয়াহ, সূরা আলা থেকে কিছুটা বড়।

● কুরআনের মুসহাফে বর্ণিত রুকু মাঝে মাঝেই ভাঙ্গতে হয়েছে স্বাভাবিকভাবেই। যেহেতু, ১ম ৬ দিন দেড় পারা আর বাকী দিনগুলোতে ১ পারাকে ২০ ভাগে ভাগ করতে হতো আর এই অংশগুলোতে তো আর ২০ রুকু পাওয়া যাবে না, কম বা বেশী হবে।

পরিশেষে, আমরা আমাদের অযোগ্যতা ও সীমাবদ্ধতাকে স্বীকার করি। কুরআনুল কারিমের মুহাব্বতের কারণেই আমাদের এই সাহস করা। আমাদের চেষ্টার পথে ভুল ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ থাকল। একই সাথে যারা কোন সংশোধন, পরিমার্জন আমাদের জানাবেন, তাদের জন্য থাকল আগাম উত্তম বিনিময়ের দোয়া। আল্লাহ তাআলা আমাদের সবার আমলকে কবুল করুন।

বিশেষ নিবেদন,

**মুহাম্মাদ নূর হুসাইন**

# সম্পাদকের কথা

إِنَّ الْحَمْدَ لِلّٰهِ نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوْذُ بِاللّٰهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَّهْدِهِ اللّٰهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يُّضْلِلْ فَلَا هَادِىَ لَهُ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ

আল্লাহ তাআলার অশেষ মেহেরবানীতে আমরা কালের পরিক্রমায় প্রতি বছর রমাজান মাস পাচ্ছি। আল্লাহ তাআলা আমাদের হায়াতে পাওয়া সকল রমাজান মাসের সঠিক মূল্যায়ন করার তাওফীক দান করুন। আল্লাহ তাআলা এই বরকতময় মাস সম্পর্কে বলেন:

شَهْرُ رَمَضَانَ الَّذِيْ أُنْزِلَ فِيْهِ الْقُرْآنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنَاتٍ مِّنَ الْهُدٰى وَالْفُرْقَانِ

“রমাজান মাস, এই মাসে কুরআন নাযিল করা হয়েছে মানব জাতির হিদায়াত স্বরূপ আর এটা এমন সুস্পষ্ট নিদর্শনাবলি সম্বলিত যা হিদায়াতের পথ দেখায় এবং (সত্য মিথ্যার মধ্যে) চূড়ান্ত ফায়সালা করে দেয়।” (সূরা বাকারাহ ২ : ১৮৫)

কাজেই রমাজান মাসের বরকতের কারণ আল্লাহর কালাম, কুরআনুল কারিম। তাই এ মাসের চাহিদা এই, যেন আমরা কুরআন চর্চার সকল সুযোগকে কাজে লাগাই। তারাবীর নামাজে কুরআন শোনা ও শোনানোর একটি বড় সুযোগ আমাদের সামনে তৈরী করে দেয়। তারাবীর নামাজকে আরও প্রাণবন্ত করা গেলে, এটি একটি উত্তম দাওয়াতের মাধ্যম হবে। একজন ক্বারী কুরআনুল কারিমের প্রতিটি আয়াত তিলাওয়াত করবে, তা এক একটি দাওয়াতের বলিষ্ঠ আওয়াজ হয়ে যাবে। সুদের আয়াত, পর্দার আয়াত, আল্লাহর আইনের আয়াত, এক একটি আয়াত হবে তাগুতের বিরুদ্ধে

এক একটি আঘাত। জান্নাতের আয়াতের মধ্যে মানুষ হারিয়ে যাবে আবার জাহান্নামের আয়াতে নিজেকে সামলে নিয়ে সতর্ক হবে। এই লক্ষ্যেই অর্থের সাথে মিল রেখে, সম্মানিত হাফেজ সাহেবদের খেদমতে, প্রতিটি তারাবীতে প্রতি রাকআতে আয়াত বিন্যাসের একটি সম্ভাব্য রূপরেখা এই গ্রন্থ "**তাকসীমুত তারাবীহ**" এ উল্লেখ করা হয়েছে।

কুরআনুল কারিমের আয়াতে আয়াতে সম্পর্ক বেশ জটিল একটি বিষয়। আয়াতগুলোকে ২০ রাকআতের জন্য বিন্যস্ত করতেও কখনও কখনও গোলকধাঁধায় পড়ে যেতে হয়। মনে হবে এটাও হয়, আবার ঐটাও হয়! বিষয়টি অনেক ক্ষেত্রে সুনির্দিষ্ট না হয়ে, আপেক্ষিক আকার ধারণ করে। কাজেই আমাদের এই বিন্যাসকে একটি প্রস্তাবনা, সহায়িকা হিসেবে উপস্থাপন করা হচ্ছে। মাআযা আল্লাহ! কোনভাবেই এটা কোন কিছু সাব্যস্ত করা বা দাবি করার উদ্দেশ্যে নয়। এটাই হতে হবে, এমন কিছু নয়। এটি এমন এক প্রস্তাবনা যা তারাবীর নামাজে বাস্তবায়ন করার মাধ্যমে এর সকল সম্ভাব্য সীমাবদ্ধতা নিরূপণ এবং তদানুযায়ী আরও উন্নয়ন সাধন সম্ভব হবে। এর মূল উদ্দেশ্য, কুরআনের দাওয়াত। ইমাম, খতিব সাহেবরা তারাবীর আগে ঐদিনের আয়াতগুলো সংক্ষিপ্ত আলোচনা করতে, এই পুস্তককে সহায়ক হিসেবে নিতে পারেন। আবার সাধারণ মুসল্লীরাও প্রতিদিনের তারাবীর বিষয়বস্তু সম্পর্কে ধারণা নিয়ে নামাজে আসতে পারবে মাত্র ২ পৃষ্ঠা পড়ে!

আল্লাহ তাআলা আমাদের এই ক্ষুদ্র প্রয়াসের ত্রুটি-বিচ্যুতি গুলোকে মাফ করে দিয়ে কবুল করুন। উত্তম দাওয়াতের মাধ্যম বানিয়ে দিন। আমীন।

বিশেষ নিবেদন,

**মুফতি ইসহাক মাহমুদ**

মুহাদ্দিস, জামিয়া মুহাম্মাদীয়া আরবীয়া,
ইমাম, বাইতুল ওয়াহহাব জামে মসজিদ, মোহাম্মদী হাউজিং সোসাইটি,
খতিব, সি ব্লক জামে মসজিদ, নবোদয় হাউজিং সোসাইটি,
মুহাম্মাদপুর, ঢাকা।

# রমাজান ১

## পারা ১ ও পারা ২(প্রথম ১০ পৃষ্ঠা)

**১ম ৪ রাকাআত:**

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা(পৃষ্ঠা) | পৃষ্ঠা/লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | বাকারাহ | ১-২০ | মুমিন, কাফের ও মুনাফিক | ১(১-৩) | ২/১ |
| ২ | বাকারাহ | ২১-২৯ | তাওহীদ, রিসালাত ও আখিরাত | ১(৩-৪) | ১/৬ |
| ৩ | বাকারাহ | ৩০-৩৯ | আদম আলাইহিস সালামের সৃষ্টি এবং ইবলিসের হিংসা ও অহংকার | ১(৫-৬) | ১/৫ |
| ৪ | বাকারাহ | ৪০-৪৮ | বানী ইসরাইলের প্রতি দাওয়াত | ১(৬) | ০/১০ |

**২য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | বাকারাহ | ৪৯-৬৬ | বানী ইসরাইলের অবাধ্যতার ইতিহাস | ১(৭-৯) | ২/৯ |
| ৬ | বাকারাহ | ৬৭-৭৩ | বাকারাহ বা গাভীর ঘটনা | ১(৯-১০) | ০/১৪ |
| ৭ | বাকারাহ | ৭৪-৮৬ | বানী ইসরাইলের বক্র স্বভাব | ১(১০-১২) | ২/৪ |
| ৮ | বাকারাহ | ৮৭-৯৬ | বানী ইসরাইলের উপর লানতের কারণ | ১(১২-১৪) | ১/১১ |

# রমাজান ১

**৩য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **৯** | বাকারাহ | ৯৭-১১২ | ইহুদিদের মুসলমানদের প্রতি হিংসা ও কুফরী জাদু চর্চা | ১(১৪-১৬) | ২/৯ |
| **১০** | বাকারাহ | ১১৩-১২৩ | ইহুদি ও নাসারাদের বদ আকিদা এবং তাদের অনুসরণে নিষেধাজ্ঞা | ১(১৭-১৮) | ১/৮ |
| **১১** | বাকারাহ | ১২৪-১৩৪ | ইব্রাহীম আলাইহিস সালামের দোয়া ও মিল্লাতে ইব্রাহীম | ১(১৮-১৯) | ১/৭ |
| **১২** | বাকারাহ | ১৩৫-১৪১ | বানী ইসরাইলের প্রতি দাওয়াত | ১(২০) | ১/০ |

**৪র্থ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **১৩** | বাকারাহ | ১৪২-১৫২ | কিবলা পরিবর্তন | ২(১-২) | ১/১০ |
| **১৪** | বাকারাহ | ১৫৩-১৬৪ | শহীদদের মর্যাদা, হক গোপনের শাস্তি ও আল্লাহর নিদর্শন | ২(২-৩) | ১/৫ |
| **১৫** | বাকারাহ | ১৬৫-১৭৩ | শিরকের পরিণতি এবং হারাম, হালাল | ২(৪-৫) | ১/২ |
| **১৬** | বাকারাহ | ১৭৪-১৮২ | ইলম গোপন করার শাস্তি এবং আমলের তুলনামূলক গুরুত্ব নির্ধারণ, কিসাস, ওসিয়ত | ২(৫-৬) | ১/৮ |

**শেষ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **১৭** | বাকারাহ | ১৮৩-১৮৭ | সিয়ামের বিধান এবং দোয়ার তরগীব | ২(৬-৭) | ১/৫ |
| **১৮** | বাকারাহ | ১৮৮-১৮৯ | হারাম ভক্ষণে নিষেধাজ্ঞা ও হিলাল | ২(৮) | ০/৬ |
| **১৯** | বাকারাহ | ১৯০-১৯৬ | কিতাল ও হজ্জের প্রকারভেদ | ২(৮-৯) | ১/৬ |
| **২০** | বাকারাহ | ১৯৭-২০৩ | ইহরাম ও হজ্জের আহকাম | ২(৯-১০) | ১/৩ |

# রমাজান ২

**পারা ২(শেষ ১০ পৃষ্ঠা) ও পারা ৩**

**১ম ৪ রাকাআত:**

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা(পৃষ্ঠা) | পৃষ্ঠা/লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | বাকারাহ | ২০৪-২১৫ | ঈমান ও নিফাক এবং দুনিয়ার পরীক্ষা ও সম্পদ ব্যয়ের খাত | ২(১১-১২) | ২/০ |
| ২ | বাকারাহ | ২১৬-২২১ | জিহাদ, মদ ও জুয়ার অপকারিতা, এতিমের মাল ও মুশরিকদের বিবাহের বিধান | ২(১৩-১৪) | ১/৮ |
| ৩ | বাকারাহ | ২২২-২৩০ | হায়েজ, কসম, ইলা, খুলা ও তালাক | ২(১৪-১৬) | ১/১১ |
| ৪ | বাকারাহ | ২৩১-১৩২ | তালাকের ব্যাপারে সতর্কবার্তা ও বিধান | ২(১৬) | ০/১১ |

**২য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | বাকারাহ | ২৩৩-২৪২ | শিশুকে দুধ পান করানোর বিধান, তালাক ও ইদ্দত | ২(১৭-১৮) | ২/০ |
| ৬ | বাকারাহ | ২৪৩-২৫২ | তালুত ও যালুতের যুদ্ধ এবং দাউদ আলাইহিস সালামের উত্থান | ২(১৯-২০) | ২/০ |
| ৭ | বাকারাহ | ২৫৩-২৫৭ | রিসালাত ও তাওহীদের আলোচনা | ৩(১-২) | ১/৩ |
| ৮ | বাকারাহ | ২৫৮-২৬০ | নমরুদের সামনে ইব্রাহীম আলাইহিস সালাম এবং পুনরুত্থানের ২টি উদাহরণ | ৩(২-৩) | ১/১ |

# রমাজান ২

**৩য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **৯** | বাকারাহ | ২৬১-২৬৯ | আল্লাহর রাস্তায় খরচের ফজিলত | ৩(৩-৪) | ১/১১ |
| **১০** | বাকারাহ | ২৭০-২৭৪ | সর্বাবস্থায় দান | ৩(৫) | ১/০ |
| **১১** | বাকারাহ | ২৭৫-২৮৩ | সুদ ও ব্যবসায়িক লেনদেনের নিয়ম | ৩(৬-৮) | ২/৩ |
| **১২** | বাকারাহ | ২৮৪-২৮৬ | মুমিনের ঈমানের স্বীকৃতি ও দোয়া | ৩(৮) | ০/১২ |

**৪র্থ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **১৩** | আলে ইমরান | ১-১৭ | কুরআনের দাওয়াত ও দুনিয়ার ধোঁকা | ৩(৯-১১) | ২/৩ |
| **১৪** | আলে ইমরান | ১৮-২২ | একমাত্র দ্বীন ইসলাম ও এর বিরুদ্ধাচারণের পরিণতি | ৩(১১) | ০/১২ |
| **১৫** | আলে ইমরান | ২৩-৩২ | আহলে কিতাবের কুফর, আল্লাহর ক্ষমতা ও কাফেরদের সাথে বিচ্ছিন্নতা | ৩(১২-১৩) | ১/৫ |
| **১৬** | আলে ইমরান | ৩৩-৪১ | মারিয়াম আলাইহাস সালাম ও ইয়াহিয়া আলাইহিস সালামের জন্ম | ৩(১৩-১৪) | ১/৩ |

**শেষ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **১৭** | আলে ইমরান | ৪২-৫৮ | ঈসা আলাইহিস সালামের জন্ম, দ্বীনের দাওয়াত ও তার বিরুদ্ধে চক্রান্ত | ৩(১৪-১৬) | ২/০ |
| **১৮** | আলে ইমরান | ৫৯-৭১ | আহলে কিতাবের প্রতি দাওয়াত | ৩(১৬-১৮) | ১/৮ |
| **১৯** | আলে ইমরান | ৭২-৮০ | আহলে কিতাবের বৈশিষ্ট্য | ৩(১৮-১৯) | ১/৭ |
| **২০** | আলে ইমরান | ৮১-৯১ | নবীদের কাছ থেকে ওয়াদা, দ্বীনের দাওয়াত ও দ্বীন ত্যাগের পরিণতি | ৩(১৯-২০) | ১/৭ |

# রমাজান ৩

**পারা ৪ ও পারা ৫(প্রথম ১০ পৃষ্ঠা)**

**১ম ৪ রাকাআত:**

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা(পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | আলে ইমরান | ৯২-১০৯ | আহলে কিতাবের প্রতি দাওয়াত ও মুসলিম উম্মাহর করণীয় | ৪(১-৩) | ২/১ |
| ২ | আলে ইমরান | ১১০-১২০ | মুসলিম উম্মাহর দাতিত্ব ও শ্রেষ্ঠত্ব, ইহুদিদের উপর লানত ও কাফেরদের থেকে বিচ্ছিন্নতার আদেশ | ৪(৩-৪) | ১/১২ |
| ৩ | আলে ইমরাম | ১২১-১৩২ | বদরের স্মরণ করিয়ে উহুদ যুদ্ধে উৎসাহ ও সুদের পরিণতি | ৪(৪-৫) | ১/২ |
| ৪ | আলে ইমরান | ১৩৩-১৪৩ | মুত্তাকিদের পরিচয় ও উহুদের বিপর্যয়ের পর সান্ত্বনা | ৪(৬-৭) | ১/৪ |

**২য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | আলে ইমরান | ১৪৪-১৫১ | রসুলুল্লাহ ﷺ এর মৃত্যুর গুজব, জিহাদে উৎসাহ ও কাফেরদের অনুসরণে নিষেধাজ্ঞা | ৪(৭-৮) | ১/৩ |
| ৬ | আলে ইমরান | ১৫২-১৫৫ | উহুদের বিপর্যয়ের কারণ, মুনাফিকদের কথা ও সাহাবীদের ক্ষমার ঘোষণা | ৪(৮-৯) | ১/৩ |
| ৭ | আলে ইমরান | ১৫৬-১৭১ | জিহাদ বিরোধী মুনাফিকদের মুখোশ উন্মোচন ও মুমিনদের প্রতি নসিহত | ৪(৯-১১) | ২/২ |
| ৮ | আলে ইমরান | ১৭২-১৮০ | মুমিনদের ঈমানী জযবা ও ত্যাগ স্বীকার এবং কাফেরদের পরিণতি | ৪(১১-১২) | ১/৪ |

# রমাজান ৩

**৩য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **৯** | আলে ইমরান | ১৮১-১৮৯ | আহলে কিতাবের প্রতি দাওয়াত এবং দুনিয়ার হাকিকত | ৪(১৩-১৪) | ১/৬ |
| **১০** | আলে ইমরান | ১৯০-২০০ | আল্লাহর কুদরতের স্মরণের উদ্দেশ্য, মুমিনদের প্রতি নসিহত ও আহলে কিতাবের প্রতি দাওয়াত | ৪(১৪-১৫) | ১/৮ |
| **১১** | নিসা | ১-১০ | নিকাহ, এতিমদের মালের বিধান | ৪(১৬-১৭) | ২/০ |
| **১২** | নিসা | ১১-১৪ | মীরাছ বণ্টন | ৪(১৮-১৯) | ১/৪ |

**৪র্থ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **১৩** | নিসা | ১৫-২৪ | যেনার শাস্তি, নারীর অধিকার ও যাদের সাথে বিবাহ নিষিদ্ধ তাদের তালিকা | ৪(১৯-২০) ও ৫(১) | ২/১ |
| **১৪** | নিসা | ২৫-২৮ | দাসীদের বিবাহের বিধান | ৫(১) | ০/১১ |
| **১৫** | নিসা | ২৯-৩৫ | মানুষের হক ও দাম্পত্য কলহ নিরসনের উপায় | ৫(২-৩) | ১/২ |
| **১৬** | নিসা | ৩৬-৪৩ | আল্লাহর হক ও বান্দার হক এবং তায়াম্মুম | ৫(৩-৪) | ১/৪ |

**শেষ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **১৭** | নিসা | ৪৪-৫৭ | বানী ইসরাইলের কুকীর্তি ও আখিরাতের স্মরণ | ৫(৪-৬) | ১/১৪ |
| **১৮** | নিসা | ৫৮-৭০ | ইসলামী রাষ্ট্রনীতি ও আল্লাহর হাকিমিয়্যাত | ৫(৬-৮) | ১/১২ |
| **১৯** | নিসা | ৭১-৭৯ | কিতালের প্রতি উৎসাহ | ৫(৮-৯) | ১/১০ |
| **২০** | নিসা | ৮০-৮৭ | মুনাফিকদের কর্মকান্ড ও সুপারিশের বিধান | ৫(৯-১০) | ১/১ |

# রমাজান ৪

**পারা ৫(শেষ ১০ পৃষ্ঠা) ও পারা ৬**

**১ম ৪ রাকাআত:**

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | নিসা | ৮৮-৯৬ | মুনাফিকদের সাথে আচরণ, ভুলবশত হত্যা ও মুজাহিদের ফজিলত | ৫(১১-১৩) | ২/১ |
| ২ | নিসা | ৯৭-১০০ | হিজরতের ফজিলত | ৫(১৩) | ০/১১ |
| ৩ | নিসা | ১০১-১০৪ | কসর, সালাতুল খওফ ও জিহাদে উৎসাহ | ৫(১৩-১৪) | ১/১ |
| ৪ | নিসা | ১০৫-১১৫ | নির্দোষের উপর দোষ চাপানোর পরিণতি ও মুমিনদের প্রতি নসিহত | ৫(১৪-১৬) | ১/৭ |

**২য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | নিসা | ১১৬-১৩৪ | শিরক, শয়তানের ধোঁকা এবং নারীর অধিকার ও স্বামী স্ত্রীর মধ্যে মীমাংসা | ৫(১৬-১৮) | ২/৯ |
| ৬ | নিসা | ১৩৫-১৪১ | ইনসাফ প্রতিষ্ঠা ও মুনাফিকদের কর্মকান্ড | ৫(১৯-২০) | ১/৪ |
| ৭ | নিসা | ১৪২-১৫২ | নিফাকের বিবরণ | ৫(২০) ও ৬(১) | ১/৪ |
| ৮ | নিসা | ১৫৩-১৬২ | বানী ইসরাইলের নাফরমানীর ইতিহাস, ঈসা আলাইহিস সালামকে হত্যার মিথ্যা দাবির খণ্ডন | ৬(১-২) | ১/৭ |

# রমাজান ৪

### ৩য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | নিসা | ১৬৩-১৭৩ | রিসালাতের ইতিহাস তুলে ধরে দাওয়াত এবং নাসারাদের আকিদার খণ্ডন | ৬(৩-৪) | ১/১১ |
| ১০ | নিসা | ১৭৪-১৭৬ | কুরআনের দাওয়াত এবং কালালাহর ওয়ারিশ বণ্টন | ৬(৪-৫) | ০/৯ |
| | | | | | |
| ১১ | মায়িদা | ১-৫ | ওয়াদা রক্ষা, খাদ্য ও বিবাহ সংক্রান্ত আহকাম | ৬(৫-৬) | ১/৮ |
| ১২ | মায়িদা | ৬-১১ | ওজুর বিধান ও মুমিনদের প্রতি নিয়ামতের স্মরণ | ৬(৭-৮) | ১/৪ |

### ৪র্থ ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | মায়িদা | ১২-১৯ | ইহুদি ও নাসারাদের কুকীর্তি ও তাদের প্রতি ঈমানের দাওয়াত | ৬(৮-১০) | ২/২ |
| ১৪ | মায়িদা | ২০-৩৪ | জিহাদ ত্যাগ, হাবীল-কাবীলের ঘটনা ও ডাকাতির শাস্তি | ৬(১০-১২) | ২/৪ |
| | | | | | |
| ১৫ | মায়িদা | ৩৫-৪৩ | ওছিলা, চুরির শাস্তি ও ইহুদিদের আল্লাহর আইন বাস্তবায়ন না করা | ৬(১২-১৪) | ১/১০ |
| ১৬ | মায়িদা | ৪৪-৫০ | আল্লাহর হাকিমিয়্যাত | ৬(১৪-১৫) | ১/১০ |

### শেষ ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | মায়িদা | ৫১-৫৮ | কাফেরদের বন্ধু না বানানো এবং আল্লাহর পছন্দনীয় জামাতের বৈশিষ্ট্য | ৬(১৬-১৭) | ১/৪ |
| ১৮ | মায়িদা | ৫৯-৬৬ | আহলে কিতাবের প্রতি দাওয়াত ও মুনাফিকদের হাকিকত | ৬(১৭-১৮) | ১/৫ |
| | | | | | |
| ১৯ | মায়িদা | ৬৭-৭৭ | দ্বীনের তাবলীগ, ইহুদিদের বক্রতা ও নাসারাদের ঈসা আলাইহিস সালাম সম্পর্কে আকিদার খণ্ডন | ৬(১৮-২০) | ১/৯ |
| ২০ | মায়িদা | ৭৮-৮২ | কাফেরদের বন্ধু বানানোর পরিণতি এবং ইহুদি, মুশরিকদের শত্রুতা আর নাসারাদের তুলনামূলক নরমিয়াত | ৬(২০) | ০/১১ |

# রমাজান ৫

পারা ৭ ও পারা ৮(প্রথম ১০ পৃষ্ঠা)

১ম ৪ রাকাআত:

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | মায়িদা | ৮৩-১০০ | হাবসার নাসারাদের ঈমান গ্রহন, কসম, মদ, জুয়া ও হজের বিধান | ৭(১-৩) | ২/৯ |
| ২ | মায়িদা | ১০১-১০৮ | বিবিধ আহকাম | ৭(৩-৪) | ১/৬ |
| ৩ | মায়িদা | ১০৯-১১৫ | ঈসা আলাইহিস সালামের মুজিযা ও আসমান থেকে খাবারের ঝুড়ি নাযিল | ৭(৫-৬) | ১/৪ |
| ৪ | মায়িদা | ১১৬-১২০ | আল্লাহর সামনে ঈসা আলাইহিস সালামের জবাবদিহিতা | ৭(৬) | ০/১১ |

২য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | আনআম | ১-১৮ | তাওহীদ ও রিসালাতের আলোচনা | ৭(৭-৮) | ২/০ |
| ৬ | আনআম | ১৯-২৬ | রিসালাত ও হাশরে মুশরিকদের অবস্থা | ৭(৯) | ১/০ |
| ৭ | আনআম | ২৭-৪১ | আখিরাতে জাহান্নামীদের অবস্থা ও রসুলুল্লাহ ﷺ কে আল্লাহ তাআলার নসিহত | ৭(১০-১১) | ১/১২ |
| ৮ | আনআম | ৪২-৫০ | আযাবের নীতি ও রিসালাতের সংজ্ঞা | ৭(১১-১২) | ১/১ |

# রমাজান ৫

**৩য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | আনআম | ৫১-৬৭ | রিসালাতের পথে নসিহত এবং আল্লাহ জ্ঞান ও ক্ষমতা | ৭(১২-১৪) | ২/২ |
| ১০ | আনআম | ৬৮-৭৩ | দ্বীনের ব্যাপারে উপহাসকারী ও মুশরিকদের সাথে সম্পর্কচ্ছেদ | ৭(১৫-১৬) | ১/১ |
| ১১ | আনআম | ৭৪-৯০ | ইব্রাহীম আলাইহিস সালাম ও অন্যান্য নবীদের তাওহীদ প্রতিষ্ঠার কাহিনী | ৭(১৬-১৭) | ১/১৪ |
| ১২ | আনআম | ৯১-৯৪ | মুশরিকদের আপত্তির জবাব | ৭(১৮) | ১/০ |

**৪র্থ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | আনআম | ৯৫-১০৮ | আল্লাহর কুদরত ও রিসালাতের আলোচনা | ৭(১৯-২০) | ১/১১ |
| ১৪ | আনআম | ১০৯-১২১ | কাফেরদের আপত্তির জবাব ও গাইরুল্লাহর নামে জবাই হারাম | ৭(২০) ও ৮(১-২) | ১/১১ |
| ১৫ | আনআম | ১২২-১৩৫ | কুফর ও ঈমানের পার্থক্য এবং আখিরাত ও রিসালাত | ৮(২-৪) | ২/১ |
| ১৬ | আনআম | ১৩৬-১৪০ | কুসংস্কার অপদমন | ৮(৪-৫) | ১/১ |

**শেষ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | আনআম | ১৪১-১৫০ | কুসংস্কারের বিপরীতে আল্লাহর কুদরত ও বিধান | ৮(৫-৭) | ২/১ |
| ১৮ | আনআম | ১৫১-১৫৩ | কুরআনী ১০ আহকাম | ৮(৭-৮) | ০/১১ |
| ১৯ | আনআম | ১৫৪-১৬৫ | কুরআনের হুজ্জাতের পূর্ণতা ও দাওয়াত | ৮(৮-৯) | ১/৯ |
| ২০ | আ'রফ | ১-১০ | কুরআনের দাওয়াত ও মিযান | ৮(১০) | ০/১৩ |

# রমাজান ৬

**পারা ৮(শেষ ১০ পৃষ্ঠা) ও পারা ৯**

**১ম ৪ রাকাআত:**

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | আ'রফ | ১১-৩০ | আদম আলাইহি সালাম ও ইবলিসের ঘটনা, আল্লাহর নিয়ামত পোশাক ও মুশরিকদের আশ্লীলতার রদ | ৮(১০-১২) | ২/২ |
| ২ | আ'রফ | ৩১-৩৯ | বানী আদমের প্রতি নসিহত, রিসালাতের নীতি ও জাহান্নামীদের ঝগড়া | ৮(১৩-১৪) | ১/৬ |
| ৩ | আ'রফ | ৪০-৫১ | কাফের, মুমিন ও আসহাবুল আ'রফ | ৮(১৪-১৫) | ১/৯ |
| ৪ | আ'রফ | ৫২-৫৮ | আখিরাত ও কুদরতের আলোচনা এবং দোয়ার আদব | ৮(১৬-১৭) | ১/২ |

**২য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | আ'রফ | ৫৯-৭২ | নূহ আলাইহিস সালাম ও হুদ আলাইহিস সালামের দাওয়াত | ৮(১৭-১৮) | ১/৯ |
| ৬ | আ'রফ | ৭৩-৮৪ | সলেহ আলাইহিস সালাম ও লুত আলাইহিস সালামের দাওয়াত | ৮(১৮-২০) | ১/৮ |
| ৭ | আ'রফ | ৮৫-৯৩ | শুয়াইব আলাইহিস সালামের দাওয়াত | ৮(২০) ও ৯(১) | ১/৭ |
| ৮ | আ'রফ | ৯৪-১০২ | রিসালাতের নীতি ও দুনিয়ার আযাব | ৯(১-২) | ১/১ |

# রমাজান ৬

**৩য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | আ'রফ | ১০৩-১২৯ | মুসা আলাইহিস সালামের দাওয়াত ও ফিরাউনের কর্মপন্থা | ৯(২-৪) | ২/১ |
| ১০ | আ'রফ | ১৩০-১৩৭ | ফিরাউনের জাতির উপর দুনিয়ার সতর্ককারী আযাব ও চূড়ান্ত আযাব | ৯(৪-৫) | ১/১ |
| ১১ | আ'রফ | ১৩৮-১৪৭ | লোহিত সাগর পার হওয়া, মুসা আলাইহি সালামের তূর পাহাড়ে গমন ও তাওরাত প্রাপ্তি | ৯(৬-৭) | ১/১০ |
| ১২ | আ'রফ | ১৪৮-১৫৬ | বানী ইসরাইলের বাছুর পূজা ও আল্লাহকে দেখতে চাওয়া এবং তওবাহ | ৯(৭-৯) | ১/৯ |

**৪র্থ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | আ'রফ | ১৫৭-১৬২ | রসুলুল্লাহ ﷺ এর রিসালাতের বৈশিষ্ট্য ও দাওয়াত এবং বানী ইসরাইলের পূর্বের কথা স্মরণ | ৯(৯-১০) | ১/৭ |
| ১৪ | আ'রফ | ১৬৩-১৭১ | আসহাবুস সাবতের কাহিনী এবং বানী ইসরাইলের কিতাব বিকৃতি ও কাল্পনিক আশা | ৯(১০-১২) | ১/৬ |
| ১৫ | আ'রফ | ১৭২-১৮৮ | রূহের জগতের শপথ, দুনিয়ালোভী আলেমের পরিণতি, কাফেরদের প্রশ্নের জবাব | ৯(১২-১৪) | ২/১ |
| ১৬ | আ'রফ | ১৮৯-২০৬ | ۩ শিরকের অসাড়তা ও শয়তান থেকে পানাহ চাওয়া | ৯(১৪-১৫) | ১/১২ |

**শেষ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | আনফাল | ১-১৪ | আনফাল, মুমিনদের সিফাত ও বদরের যুদ্ধ | ৯(১৬-১৭) | ১/১১ |
| ১৮ | আনফাল | ১৫-১৯ | জিহাদে পিছু হটার শাস্তি ও আল্লাহর নুসরত | ৯(১৭-১৮) | ০/১০ |
| ১৯ | আনফাল | ২০-৩৩ | জিহাদে মুমিনদের উৎসাহ প্রদান ও কাফেরদের সতর্ককরণ | ৯(১৮-১৯) | ১/৯ |
| ২০ | আনফাল | ৩৪-৪০ | মক্কার মুশরিকদের অপরাধের ফিরিস্তি ও ইকামাতে দ্বীনের পদ্ধতি | ৯(২০) | ১/০ |

# রমাজান ৭

পারা ১০

**১ম ৪ রাকাআত:**

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | আনফাল | ৪১-৪৮ | বদরের যুদ্ধ ও জিহাদের ব্যাপারে নসিহত | ১০(১-২) | ১/৮ |
| ২ | আনফাল | ৪৯-৫৯ | মুনাফিক ও কাফিরদের সতর্ককরণ এবং কাফেরদের সাথে চুক্তির নীতিমালা | ১০(২-৩) | ১/২ |
| ৩ | আনফাল | ৬০-৭১ | জিহাদের প্রস্তুতি, উৎসাহ ও বদরের যুদ্ধবন্দীদের ফায়সালা | ১০(৩-৫) | ১/৮ |
| ৪ | আনফাল | ৭২-৭৫ | হিজরত | ১০(৫) | ০/১২ |

**২য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | তাওবাহ | ১-৬ | জাজিরাতুল আরবকে শিরকমুক্ত ঘোষণা | ১০(৬) | ১/০ |
| ৬ | তাওবাহ | ৭-১১ | মুশরিকদের চুক্তিভঙ্গ | ১০(৭) | ০/১০ |
| ৭ | তাওবাহ | ১২-১৬ | চুক্তিভঙ্গকারীদের বিরুদ্ধে কিতালে উৎসাহ | ১০(৭-৮) | ০/১০ |
| ৮ | তাওবাহ | ১৭-২২ | মুশরিকদের লোক দেখানো আত্মতুষ্টিমূলক আমলের মূল্য নেই | ১০(৮-৯) | ০/১২ |

# রমাজান ৭

৩য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | তাওবাহ | ২৩-২৮ | ঈমানের মানদন্ড, হুনাইনের যুদ্ধ ও মুশরিকদের মসজিদে হারামে নিষিদ্ধ করা | ১০(৯-১০) | ১/২ |
| ১০ | তাওবাহ | ২৯-৩৫ | আহলে কিতাবের সাথে কিতাল ও তাদের অপরাধের ফিরিস্তি | ১০(১০-১১) | ১/৬ |
| ১১ | তাওবাহ | ৩৬-৩৭ | পবিত্র মাস পরিবর্তন করে আল্লাহর বিধান পরিবর্তন করা | ১০(১১-১২) | ০/৯ |
| ১২ | তাওবাহ | ৩৮-৪১ | রসুলুল্লাহ ﷺ এর উপর আল্লাহর সাহায্য এবং জিহাদে বের হওয়ার আদেশ | ১০(১২) | ০/১১ |

৪র্থ ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | তাওবাহ | ৪২-৪৯ | মুনাফিকদের মুখোশ উন্মোচন | ১০(১৩-১৪) | ১/৪ |
| ১৪ | তাওবাহ | ৫০-৫২ | মুনাফিকদের সুবিধাবাদী মনোভাব | ১০(১৪) | ০/৭ |
| ১৫ | তাওবাহ | ৫৩-৫৯ | মুনাফিকদের কৃপণতা, শপথ করা ও কাপুরুষতা | ১০(১৪-১৫) | ০/১৩ |
| ১৬ | তাওবাহ | ৬০-৬৬ | যাকাতের খাত, মুনাফিকদের ঈমান বিধ্বংসী কথা | ১০(১৫-১৬) | ১/১ |

শেষ ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | তাওবাহ | ৬৭-৭২ | মুনাফিক ও মুমিনের তুলনামূলক আলোচনা | ১০(১৬-১৭) | ১/৫ |
| ১৮ | তাওবাহ | ৭৩-৮০ | মুনাফিকদের কুফরী উন্মোচন | ১০(১৮-১৯) | ১/৩ |
| ১৯ | তাওবাহ | ৮১-৮৯ | মুনাফিকদের জিহাদে না যাওয়ার তাল বাহানা ও তাদের শাস্তি | ১০(১৯-২০) | ১/২ |
| ২০ | তাওবাহ | ৯০-৯৩ | মুনাফিকদের অজুহাত পেশ করা আর মুমিনদের ঈমানী জযবা | ১০(২০) | ০/১০ |

# রমাজান ৮

পারা ১১

১ম ৪ রাকাআত:

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | তাওবাহ | ৯৪-৯৯ | মুনাফিকদের মনোভাব ও মুমিনদের আবেগ | ১১(১) | ১/০ |
| ২ | তাওবাহ | ১০০-১০৬ | মুহাজির ও আনসারদের প্রশংসা ও কিছু সাহাবীর তওবাহ | ১১(২) | ১/০ |
| ৩ | তাওবাহ | ১০৭-১১২ | মসজিদে জিরার ও কুবাহ এবং মুমিন ও আল্লাহর মধ্যে বেচা কেনা | ১১(৩-৪) | ১/৩ |
| ৪ | তাওবাহ | ১১৩-১১৮ | কাফেরদের জন্য ইস্তিগফারে নিষেধাজ্ঞা, সাহাবীদের প্রশংসা ও মুমিনদের তওবাহ কবুল | ১১(৪-৫) | ১/১ |

২য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | তাওবাহ | ১১৯-১২৩ | নেক সহবত ও জিহাদের ফজিলত এবং ইকদামী জিহাদ | ১১(৫-৬) | ০/১৩ |
| ৬ | তাওবাহ | ১২৪-১২৯ | মুমিন ও মুনাফিকদের তুলনা এবং রসুলুল্লাহ ﷺ এর সিফাত | ১১(৬) | ০/১৩ |
| ৭ | ইউনুস | ১-১০ | মৌলিক আকিদার দাওয়াত | ১১(৭-৮) | ১/৬ |
| ৮ | ইউনুস | ১১-২০ | ভ্রান্ত চিন্তা চেতনার খণ্ডন | ১১(৮-৯) | ১/৯ |

# রমাজান ৮

৩য় 8 রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | ইউনুস | ২১-২৫ | মানুষের গাফিলতি ও দুনিয়ার ধোঁকা | ১১(১০) | ১/০ |
| ১০ | ইউনুস | ২৬-৩০ | আখিরাত | ১১(১১) | ০/১০ |
| ১১ | ইউনুস | ৩১-৩৬ | তাওহীদে রুবুবিয়্যাহর বর্ণনা ও উলুহিয়্যাতের দাওয়াত | ১১(১১-১২) | ০/১১ |
| ১২ | ইউনুস | ৩৭-88 | কুরআনের দাওয়াত ও কাফেরদের থেকে বারায়াত | ১১(১২-১৩) | ০/১২ |

8র্থ 8 রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | ইউনুস | 8৫-৫৬ | দুনিয়া ও আখিরাতের আযাব | ১১(১৩-১8) | ১/২ |
| ১8 | ইউনুস | ৫৭-৬8 | কুরআনের দাওয়াত এবং আল্লাহর জ্ঞান ও কুদরত | ১১(১8-১৫) | ০/১৩ |
| ১৫ | ইউনুস | ৬৫-৭০ | রসুলুল্লাহ ﷺ কে নসিহত ও “আল্লাহর পুত্র আছে” ভ্রান্ত আকিদার খণ্ডন | ১১(১৫) | ০/১২ |
| ১৬ | ইউনুস | ৭১-৭8 | নূহ আলাইহিস সালাম ও রসুলদের দাওয়াত | ১১(১৬) | ০/৯ |

শেষ 8 রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | ইউনুস | ৭৫-৯৩ | মুসা আলাইহিস সালামের দাওয়াত, জাদুকরদের ঘটনা ও ফিরাউনের ধ্বংস | ১১(১৬-১৮) | ২/১ |
| ১৮ | ইউনুস | ৯8-১০৩ | নসিহত ও কওমে ইউনুসের কথা | ১১(১৮-১৯) | ১/০ |
| ১৯ | ইউনুস | ১০8-১০৯ | রিসালাতের পথে নসিহত | ১১(১৯-২০) | ০/১২ |
| ২০ | হুদ | ১-৫ | কুরআনের দাওয়াত | ১১(২০) | ০/৭ |

# রমাজান ৯

## পারা ১২

১ম ৪ রাকাআত:

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | হুদ | ৬-১৭ | মৌলিক আকিদার দাওয়াত | ১২(১-২) | ১/১১ |
| ২ | হুদ | ১৮-২৪ | জান্নাতী ও জাহান্নামীদের তুলনামূলক আলোচনা | ১২(২-৩) | ০/১২ |
| ৩ | হুদ | ২৫-৩১ | নূহ আলাইহিস সালামের দাওয়াত | ১২(৩-৪) | ০/১৩ |
| ৪ | হুদ | ৩২-৩৫ | নূহ আলাইহিস সালামের জাতির চূড়ান্ত জবাব | ১২(৪) | ০/৬ |

২য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | হুদ | ৩৬-৪৪ | নূহ আলাইহিস সালামের কিস্তি নির্মান ও মহাপ্লাবন | ১২(৪-৫) | ১/১ |
| ৬ | হুদ | ৪৫-৪৯ | নূহ আলাইহিস সালামের দোয়া ও আল্লাহর জবাব | ১২(৫-৬) | ০/১০ |
| ৭ | হুদ | ৫০-৬০ | আদ জাতির প্রতি হুদ আলাইহিস সালামের দাওয়াত | ১২(৬-৭) | ১/২ |
| ৮ | হুদ | ৬১-৬৮ | সামুদ জাতির প্রতি সলেহ আলাইহিস সালামের দাওয়াত | ১২(৭-৮) | ০/১৪ |

# রমাজান ৯

৩য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | হুদ | ৬৯-৭৬ | ইব্রাহীম আলাইহিস সালামের কাছে ফেরেশতাদের আগমন | ১২(৮-৯) | ০/১১ |
| ১০ | হুদ | ৭৭-৮৩ | লূত আলাইহিস সালামের জাতির উপর আযাব | ১২(৯-১০) | ০/১৩ |
| ১১ | হুদ | ৮৪-৯০ | শুয়াইব আলাইহিস সালামের দাওয়াত | ১২(১০-১১) | ১/০ |
| ১২ | হুদ | ৯১-৯৫ | শুয়াইব আলাইহিস সালামের জাতির চূড়ান্ত জবাব ও তাদের উপর আযাব | ১২(১১) | ০/১০ |

৪র্থ ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | হুদ | ৯৬-১০৯ | মুসা আলাইহিস সালামের কাহিনী ও রিসালাতের দলিল | ১২(১১-১৩) | ১/৫ |
| ১৪ | হুদ | ১১০-১২৩ | রসুলুল্লাহ ﷺ কে আল্লাহর নসিহত ও সান্ত্বনা | ১২(১৩-১৪) | ১/৬ |
| ১৫ | ইউসুফ | ১-১৮ | ইউসুফ আলাইহিস সালামের ভাইদের চক্রান্ত | ১২(১৪-১৬) | ১/১২ |
| ১৬ | ইউসুফ | ১৯-২২ | আল্লাহর পরিকল্পনা | ১২(১৬) | ০/৮ |

শেষ ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | ইউসুফ | ২৩-২৯ | আযীযে মিশরের স্ত্রীর চক্রান্ত | ১২(১৭) | ১/৬ |
| ১৮ | ইউসুফ | ৩০-৩৫ | নারীদের চক্রান্ত ও ইউসুফ আলাইহিস সালামের কারাবরণ | ১২(১৭-১৮) | ০/১২ |
| ১৯ | ইউসুফ | ৩৬-৪২ | ২ কারা সঙ্গীর স্বপ্নের তাবির | ১২(১৮-১৯) | ১/২ |
| ২০ | ইউসুফ | ৪৩-৫২ | বাদশাহর স্বপ্নের তাবির ও ইউসুফ আলাইহিস সালামের কারামুক্তি | ১২(১৯-২০) | ১/৩ |

# রমাজান ১০

পারা ১৩

**১ম ৪ রাকাআত:**

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | ইউসুফ | ৫৩-৬২ | ইউসুফ আলাইহিস সালামের ক্ষমতাপ্রাপ্তি ও ভাইদের মিশরে আগমন | ১৩(১) | ০/১৩ |
| ২ | ইউসুফ | ৬৩-৬৮ | বিনয়ামিনকে নিয়ে আবার মিশর গমন | ১৩(১-২) | ১/০ |
| ৩ | ইউসুফ | ৬৯-৭৯ | বিনিয়ামিনকে সুকৌশলে রেখে দেওয়া | ১৩(২-৪) | ১/৩ |
| ৪ | ইউসুফ | ৮০-৮৭ | বড় ভাইয়ের উপলব্ধি ও বাকী ভাইদের পিতার কাছে আগমন | ১৩(৪-৫) | ১/১ |

**২য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | ইউসুফ | ৮৮-৯৩ | ইউসুফ আলাইহিস সালামের পরিচয় প্রকাশ | ১৩(৫) | ০/১১ |
| ৬ | ইউসুফ | ৯৪-১০০ | বানী ইসরাইলের মিশরে বসবাস শুরু করা | ১৩(৫-৬) | ০/১৩ |
| ৭ | ইউসুফ | ১০১-১০৭ | ইউসুফ আলাইহিস সালামের শেষ দোয়া এবং রিসালাত ও তাওহীদের দলিল | ১৩(৬-৭) | ০/১০ |
| ৮ | ইউসুফ | ১০৮-১১১ | দাওয়াত | ১৩(৭) | ০/১০ |

# রমাজান ১০

**৩য় ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | র'দ | ১-১৩ | আল্লাহ তাআলার কুদরত | ১৩(৮-৯) | ২/০ |
| ১০ | র'দ | ১৪-১৮ | ۩ হক ও বাতিলের ফারাক | ১৩(১০-১১) | ১/৩ |
| ১১ | র'দ | ১৯-২৬ | উৎকৃষ্ট ও নিকৃষ্ট পরিণতি | ১৩(১১) | ০/১২ |
| ১২ | র'দ | ২৭-৩১ | কাফেরদের প্রশ্নের জবাব | ১৩(১২) | ০/১০ |

**৪র্থ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | র'দ | ৩২-৩৭ | দুনিয়া ও আখিরাতের আযাব এবং কুরআনের দাওয়াত | ১৩(১২-১৩) | ০/১৩ |
| ১৪ | র'দ | ৩৮-৪৩ | রিসালাত ও কাফেরদের চক্রান্তের জবাব | ১৩(১৩-১৪) | ০/১১ |
| ১৫ | ইব্রাহীম | ১-৮ | কুরআনের দাওয়াত ও নিয়ামতের শোকর | ১৩(১৪-১৫) | ১/০ |
| ১৬ | ইব্রাহীম | ৯-১৮ | রসুলদের দাওয়াত | ১৩(১৫-১৬) | ১/৬ |

**শেষ ৪ রাকাআত:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | ইব্রাহীম | ১৯-২৭ | আখিরাত এবং কালিয়ায় তয়্যিবাহ ও কালিমায় খবিসাহ | ১৩(১৬-১৮) | ১/৪ |
| ১৮ | ইব্রাহীম | ২৮-৩৪ | নিয়ামতের নাশুকরির পরিণতি এবং নিয়ামতের স্মরণের চূড়ান্ত পর্ব | ১৩(১৮) | ০/১১ |
| ১৯ | ইব্রাহীম | ৩৫-৪১ | ইব্রাহীম আলাইহিস সালামের দোয়া ও নিয়ামতের শোকর | ১৩(১৮-১৯) | ০/১৪ |
| ২০ | ইব্রাহীম | ৪২-৫২ | দুনিয়া ও আখিরাতের আযাবের সতর্কবার্তা | ১৩(১৯-২০) | ১/০ |

# রমাজান ১১

পারা ১৪

১ম ৪ রাকাআত:

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা(পৃষ্ঠা) | পৃষ্ঠা/লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | হিজর | ১-১৫ | কাফেরদের অহংকার ও জেদ | ১৩(২০) ও ১৪(১) | ০/১৪ |
| ২ | হিজর | ১৬-২৫ | কুদরতের আলোচনা | ১৪(১-২) | ০/১০ |
| ৩ | হিজর | ২৬-৫০ | ইবলিসের অহংকার এবং জাহান্নাম ও জান্নাত | ১৪(২-৩) | ১/৫ |
| ৪ | হিজর | ৫১-৬০ | ইব্রাহীম আলাইহিস সালামের নিকট ফেরেশতাদের আগমন | ১৪(৩-৪) | ০/৮ |

২য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | হিজর | ৬১-৮৪ | কওমে লুত, আসহাবুল আইকাহ ও আসহাবুল হিজরের ধ্বংস | ১৪(৪-৫) | ১/২ |
| ৬ | হিজর | ৮৫-৯৯ | সৃষ্টির উদ্দেশ্য এবং রিসালাতের পথে সান্ত্বনা ও নসিহত | ১৪(৫-৬) | ০/১৩ |
| ৭ | নাহল | ১-১৬ | আল্লাহর কুদরত ও নিয়ামত | ১৪(৬-৮) | ১/৯ |
| ৮ | নাহল | ১৭-২৩ | শিরকের অসাড়তা | ১৪(৮) | ০/৭ |

# রমাজান ১১

৩য় 8 রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | নাহল | ২৪-৩৪ | কাফের ও মুমিনের পরিণতি | ১৪(৮-৯) | ১/৬ |
| ১০ | নাহল | ৩৫-৪০ | কাফের দের অপত্তির জবাব | ১৪(১০) | ০/১২ |
| ১১ | নাহল | ৪১-৬০ | ۩ হিজরত এবং তাওহীদের দাওয়াত ও শিরকের খণ্ডন | ১৪(১০-১২) | ১/১০ |
| ১২ | নাহল | ৬১-৬৪ | কাফেরদের বাতিল আকিদা খণ্ডন | ১৪(১২) | ০/৮ |

৪র্থ 8 রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | নাহল | ৬৫-৭২ | আল্লাহর নিয়ামত ও কুদরত | ১৪(১৩) | ১/০ |
| ১৪ | নাহল | ৭৩-৭৬ | শিরকের অসাড়তা | ১৪(১৪) | ০/৯ |
| ১৫ | নাহল | ৭৭-৮৯ | আল্লাহর নিয়ামত ও মুশরিকদের হাশর | ১৪(১৪-১৬) | ১/১১ |
| ১৬ | নাহল | ৯০-৯৭ | শপথ রক্ষার আদেশ | ১৪(১৬-১৭) | ১/৩ |

শেষ 8 রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | নাহল | ৯৮-১০৫ | শয়তান থেকে আশ্রয় প্রার্থনা ও কাফেরদের আপত্তির জবাব | ১৪(১৭-১৮) | ০/১২ |
| ১৮ | নাহল | ১০৬-১১১ | ঈমান ত্যাগের পরিণতি | ১৪(১৮) | ০/১০ |
| ১৯ | নাহল | ১১২-১১৯ | নিয়ামতের জাতিগত নাশুকরির পরিণতি ও হালাল খাদ্য | ১৪(১৯-২০) | ১/২ |
| ২০ | নাহল | ১২০-১২৮ | ইব্রাহীম আলাইহিস সালামের শোকর আদায় ও আল্লাহর পথে দাওয়াত | ১৪(২০) | ০/১৩ |

# রমাজান ১২

পারা ১৫

১ম ৪ রাকাআত:

| রাকাআত | সূরা | আয়াত | বিষয়বস্তু | পারা (পৃষ্ঠা) | পৃষ্ঠা/ লাইন |
|---|---|---|---|---|---|
| ১ | বানী ইসরাইল | ১-১১ | বানী ইসরাইলের ইতিহাস ও কুরআনের দাওয়াত | ১৫(১-২) | ১/৩ |
| ২ | বানী ইসরাইল | ১২-২১ | কুদরতের আলোচনা এবং দুনিয়ার ধোঁকা ও আখিরাতের স্মরণ | ১৫(২-৩) | ১/০ |
| ৩ | বানী ইসরাইল | ২২-৩০ | তাওরাতের ১০ আহকামের মত কুরআনীক ১০ আহকাম | ১৫(৩-৪) | ০/১১ |
| ৪ | বানী ইসরাইল | ৩১-৩৯ | | ১৫(৪) | ০/১৩ |

২য় ৪ রাকাআত:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | বানী ইসরাইল | ৪০-৫২ | তাওহীদ ও পুনরুত্থানের দলিল | ১৫(৪-৬) | ১/৩ |
| ৬ | বানী ইসরাইল | ৫৩-৬০ | রিসালাত ও আযাবের নীতি | ১৫(৬) | ০/১৪ |
| ৭ | বানী ইসরাইল | ৬১-৭০ | আদম আলাইহিস সালাম ও ইবলিসের ঘটনা এবং হিদায়াতের পথ | ১৫(৭-৮) | ১/২ |
| ৮ | বানী ইসরাইল | ৭১-৮৪ | রসুলুল্লাহ ﷺ এর উপর আল্লাহর নিয়ামত এবং হিজরত ও বিজয়ের ইঙ্গিত | ১৫(৮-৯) | ১/৩ |

# রমাজান ১২

**৩য় 4 রাকাআত:**

